তারিখ 25 MAR 2017
পৃষ্ঠা 6 কলাম 8

যুগান্তর

সংবর্ধনায় প্রবাসীকল্যাণমন্ত্রী

# চট্টগ্রামে নারী শিক্ষার অগ্রগতিতে ভূমিকা রাখছে স্কুলটি

চট্টগ্রাম ব্যুরো

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, 'মানুষের জন্য কাজ করতে পারা ভাগ্যের ব্যাপার। সবাই পারে না। আমি পেরে নিজেকে একটু হলেও ধন্য মনে করছি।' যে স্কুলটিতে দাঁড়িয়ে তিনি সংবর্ধনা নিচ্ছেন সেই নুরুল ইসলাম পৌর' বালিকা উচ্চবিদ্যালয় প্রতিষ্ঠার সময় কিছু মানুষের বাধার শিকার হওয়ার কথা তুলে ধরেন তিনি। এলাকায় নারী শিক্ষার অগ্রগতিতে এই স্কুল ভূমিকা রাখছে। যারা বিরোধিতা করেছিলেন তারাও তাদের ভুল বুঝতে পেরেছে পরে।

শুক্রবার দুপুরে চান্দগাঁওয়ে নুরুল ইসলাম পৌর বালিকা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পক্ষ থেকে দেয়া সংবর্ধনার জবাবে প্রবাসীকল্যাণ মন্ত্রী এসব কথা বলেন। তিনি বলেন, এই জায়গায় একটি গোষ্ঠী দোকানপাট তথা ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন করতে চেয়েছিল। তিনি স্থানীয় সচেতন লোকজনকে সঙ্গে নিয়ে রাতারাতি বেড়ার স্কুল তৈরি করেছিলেন। যে স্কুল আজ মহীরুহে পরিণত হয়েছে। শক্ত ভিতের ওপর দাঁড় হয়েছে।

এর আগে সকালে মন্ত্রী স্কুল ক্যাম্পাসে পৌঁছলে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। স্কুল ক্যাম্পাসে মন্ত্রী 'প্রজন্ম-৭১' ও 'সানু' (সানোয়ারা বেগম ও নুরুল ইসলামের সংক্ষিপ্ত রূপ) নামে দুটি ফটো গ্যালারির উদ্বোধন করেন। একই সঙ্গে 'জীবন চিত্র' নামে একটি বইয়ের মোড়ক উন্মোচন করেন মন্ত্রী। বিশেষ অতিথির বক্তব্যে বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি ও মন্ত্রীর সহধর্মিণী সানোয়ারা বেগম বলেন, আমি আমার স্বামীকে সব সময় ভালো কাজের জন্য উদ্বুদ্ধ করে থাকি। আমার নীতি— 'আমি ভালোবাসি তোমাকে, তুমি ভালবাসো মানুষকে।' তার অক্লান্ত পরিশ্রমে ৩০টি শিক্ষা প্রতিষ্ঠান চট্টগ্রামে শিক্ষার আলো ছড়িয়ে দিচ্ছে। তিনি শিক্ষার্থীদের জঙ্গিবাদ সম্পর্কে সজাগ থাকার আহ্বান জানিয়ে বলেন, 'তোমাদেরকে জঙ্গিবাদ সম্পর্কে সজাগ থাকতে হবে। যারা জঙ্গিবাদে জড়িত তারা ইসলামের ধারেকাছেও নেই।' স্কুলের প্রধান শিক্ষিকা ফরিদা বেগমের সভাপতিত্বে সংবর্ধনা, পুরস্কার বিতরণী ও কৃতী শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চুয়েটের ভিসি

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## চট্টগ্রামে নারী শিক্ষার অগ্রগতিতে

(৩য় পৃষ্ঠার পর)

প্রফেসর ড. রফিকুল আলম, দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক ও চান্দগাঁ ৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সাইফুদ্দিন সাইফু। এছাড়াও স্কুলের শিক্ষক-শিক্ষিকা, ছাত্রছাত্রী অভিভাবকসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও মন্ত্রীর একান্ত সচিব মু মহসীন চৌধুরী বলেন, এলাকায় শিক্ষা বিস্তারে প্রবাসী কল্যাণ মন্ত্রীর অবদান অনস্বীকার্য। বর্তমানে তিনি প্রবাসী ও তাদের পরিবারের কল্যাণে নিরলস কাজ করে যাচ্ছেন। তার মতো ক্লিন ইমেজের রাজনীতিবিদ বর্তমানে আমাদের দেশে খুব কমই আছেন। দেশ ও জাতি এ ধরনের মানুষকে আজীবন স্মরণ রাখবে।